গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩-৩৪.০০১.২২ ( ম্যাটস-আইএইচটি-ভর্তি পরীক্ষার ফল) ৪৮৭ তারিখঃ ৩০ -০১-২০২৩খ্রি:

## প্রজ্ঞাপন

বিষয়ঃ ২০২২-২০২৩ খ্রিঃ শিক্ষাবর্ষে আইএইচটি ও ম্যাটসসমূহে ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজী ও মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং কোর্স সমূহে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার ফল প্রকাশ।

২০২২-২০২৩ খ্রিঃ শিক্ষাবর্ষে আইএইচটি ও ম্যাটসসমূহে ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজী (IHT) এবং মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং (MATS) কোর্সসমূহের ভর্তি পরীক্ষা গত ২৭-০১-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত পরীক্ষায় অত্র প্রজ্ঞাপনে উল্লেখিত রোল নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে ভর্তির যোগ্য বলে নির্বাচিত হয়েছেন। নির্বাচিত প্রার্থী ছাড়াও এতদসংগে সরকারি আইএইচটি ও ম্যাটসসমূহে সমূহে ভর্তির অপেক্ষমান তালিকা প্রকাশ করা হলো। মেধা, পছন্দ, কোটা ও আসন শূণ্যতার ভিত্তিতে ভর্তি পরীক্ষার ফল চূড়ান্ত করা হয়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd থেকে ভর্তি পরীক্ষার ফল জানা যাবে। এছাড়া ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট সরকারি আইএইচটি ও ম্যাটসসমূহের অধ্যক্ষের কার্যালয় হতে জানা যাবে।

একজন প্রার্থী যে অনুষদে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন, তাকে সেই অনুষদেই ভর্তি হতে হবে। অনুষদ পরিবর্তনের আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। ভর্তির পর কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট ম্যাটস / ইনস্টিটিউটে পড়তে অনিচ্ছুক হলে ক্লাশ শুরু হবার ৩০ দিনের মধ্যে অভিভাবকের সম্মতিসহ অধ্যক্ষের নিকট লিখিতভাবে ভর্তি বাতিলের আবেদন করে মূল সার্টিফিকেট/মার্কসিট ফেরত নিতে পারবেন। ভর্তির সময় প্রদত্ত মার্কসিট/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট স্ব স্ব অধ্যক্ষের কার্যালয়ে কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত জমা থাকবে। সাময়িকভাবে নির্বাচিত প্রার্থিদের দাখিলকৃত সনদপত্র অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি ভর্তি বিজ্ঞপ্তির শর্তানুযায়ী পরীক্ষা-নিরীক্ষা করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ডের মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা শেষে যোগ্যতার ভিত্তিতে ভর্তি করা হবে। ভর্তি পরবর্তী কোন সময়ে যদি কোন প্রার্থীর দাখিলকৃত কাগজ পত্রের মধ্যে ভুলত্রুটি ধরা পড়ে বা প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমানিত হয়, তবে তার ভর্তি যে কোন সময়ে বাতিল করা হবে।

ভর্তির সময় নিম্নবর্ণিত সনদপত্র/দলিলাদি সংশ্লিষ্ট অধ্যক্ষের কার্যালয়ে জমা দিতে হবে ঃ

১) এস এস সি পাশের মূল সার্টিফিকেট (শিক্ষা বোর্ড কর্তৃক সার্টিফিকেট ইস্যু না হওয়া পর্যন্ত মূল প্রশংসাপত্র সাময়িক ভাবে প্রদান করতে হবে)
২) এস, এস, সি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
৩) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
৪) জেলায় স্থায়ী বাসিন্দা সম্বলিত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি।
৫) ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি।
৬) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে নিজ জেলার ডেপুটি কমিশনার ও গোত্র প্রধান এর নিকট হতে এতদসংক্রান্ত মূল সনদপত্র।
৭) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমাণক ভুল প্রমানিত হলে প্রার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। ভুল করে মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে।

আগামী ০৫/০২/২০২৩ খ্রিঃ থেকে ২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারি আইএইচটি ও ম্যাটস সমূহে শিক্ষার্থী ভর্তির তারিখ নির্ধারন করা হলো। অধ্যক্ষগণ সকল সরকারি ম্যাটস/আইএইচটি এর ভর্তি কার্যক্রম শেষে ভর্তিকৃত ও অ-ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সার্বিক তথ্য আগামী ২৭/০২/২০২৩ খ্রিঃ এর মধ্যে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে প্রেরণ করবেন যার ভিত্তিতে আসন সংখ্যা শূন্য থাকলে অপেক্ষমান তালিকা হতে পরবর্তীতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত কোর্স কারিকুলাম অনুযায়ী কোর্সসমূহ পরিচালিত হবে। অধ্যয়নের সময় শিক্ষার্থীদেরকে ইনস্টিটিউটের নিয়মকানুন মেনে চলতে হবে। আসন থাকা সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী হোস্টেলে আসন বরাদ্দ দেয়া হবে। সকল মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (IHT) তে আগামী ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখে একযোগে ক্লাশ শুরু হবে।

ম. হোসেন ৩০/০১/২০২৩

ডাঃ মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক ,চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
e-mail: medicaledu313@gmail.com

২য় পৃঃ দ্রঃ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।
৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, প্রশাসন)।
৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. লাইন ডাইরেক্টর, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।
১০. উপ-পরিচালক, প্রশাসন/সবেমেক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (সকল)।
১২. অধ্যক্ষ, ম্যাটস (সকল)।
১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬, বিজয় নগর), ঢাকা।
১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।
১৫. অফিস কপি-----------

৩০/০৩/২০২৩

ডাঃ মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক,চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
e-mail: medicaledu313@gmail.com